

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
খাদ্য অধিদপ্তর  
চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ  
১৬, আব্দুল গণি রোড, ঢাকা।  
web: www.dgfood.gov.bd

স্মারক নং : ১৩.০১.০০০০.০৮৪.৩২.০১৬.১৭. ২১৪

তারিখঃ ৩০/০৯/২০১৭ খ্রিঃ।

বিষয় : খাদ্য অধিদপ্তরের অধীনস্থ এলএসডি ও সিএসডিতে মজুত খাদ্যশস্যের বাস্তব পরিমাণ ও রেকর্ড তদারকী এবং মাসের শেষ সপ্তাহের জাতীয় মজুত প্রতিবেদন উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্তৃক সরেজমিনে যাচাইপূর্বক প্রতিস্বাক্ষর প্রসঙ্গে।

সূত্র : ১। চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগের ৩১/৭/২০১৭ খ্রিঃ তারিখের ১০.০১.০০০০.০৮৪.৫৬.০০১.১৭-১৪১ নং স্মারক।  
২। প্রশাসন বিভাগের ০২/১০/২০১৭ খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৩১.০৬.০০১.১৪(অংশ-৩)-১৮১৮(৭) নং স্মারক।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, খাদ্য অধিদপ্তরের অধীনস্থ এলএসডি ও সিএসডিতে মজুত খাদ্যশস্যের বাস্তব পরিমাণ ও রেকর্ড তদারকী বিষয়ে সূত্রস্থ ১ নং স্মারকে নির্দেশনা প্রদান করা হয়। উক্ত নির্দেশনার ৩(ক) ও ৩(খ) নং অনুচ্ছেদে উল্লেখ আছে যে, উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ এবং সিএসডির ব্যবস্থাপকগণ প্রতি মাসে ২(দুই) বার তার অধীনস্থ এলএসডিতে/সিএসডিতে মজুত খাদ্যশস্যের বস্তা গণনা করে জেলা খাদ্য নিয়ন্ত্রকের নিকট প্রতিবেদন প্রেরণ করবেন। জেলা খাদ্য নিয়ন্ত্রকগণ উক্ত প্রতিবেদনে একটি কপি মতামতসহ ৭ দিনের মধ্যে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের দপ্তরে প্রেরণ করবেন এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ প্রতিবেদন তালিকাসহ মতামত ১৫ দিনের মধ্যে মহাপরিচালক বরাবর দাখিল করবেন।

খাদ্য অধিদপ্তরের গত ১১/০৯/২০১৭ খ্রিঃ তারিখের মাসিক সমন্বয় সভায় সিদ্ধান্ত মোতাবেক প্রশাসন বিভাগের ০২/১০/২০১৭ খ্রিঃ তারিখের ১৮১৮ নং স্মারকে মাসের শেষ সপ্তাহের মজুত প্রাপ্তি/প্রেরণ বিবরণী (মাসিক বিবরণী) এবং মাসিক মজুত প্রতিবেদন স্ব-স্ব উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সরেজমিনে যাচাইপূর্বক প্রতিস্বাক্ষর করে জেলা খাদ্য নিয়ন্ত্রক অফিসে প্রেরণ করবেন মর্মে নির্দেশনা প্রদান করা হয়। এ নির্দেশনা যথাযথভাবে পালন করা হয়েছে কিনা তা অধিদপ্তরের গোচরে থাকা প্রয়োজন।

এমতাবস্থায়, এই মর্মে নির্দেশ দেয়া যাচ্ছে যে, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণ সংশ্লিষ্ট জেলা খাদ্য নিয়ন্ত্রকগণের নিকট হতে মাসের শেষ সপ্তাহের মজুত প্রতিবেদনে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকদের প্রতিস্বাক্ষরের তথ্য সংগ্রহ করবেন এবং সূত্রস্থ ১ নং স্মারকের নির্দেশনা অনুযায়ী প্রতিমাসের শেষে (২য় বারের) বস্তা গণনার প্রতিবেদনের তালিকায় সূত্রস্থ ২ নং স্মারক অনুযায়ী উপজেলা খাদ্য নিয়ন্ত্রকগণ কর্তৃক প্রতিস্বাক্ষরের বিষয়ে মন্তব্য লিখবেন। এর জন্য আলাদা প্রতিবেদন দেয়ার প্রয়োজনীয়তা নেই।

(মোঃ আব্দুল হাশান)  
মহাপরিচালক  
ফোন : ৯৫৮৪৮৩৪  
ইমেইল : dg@dgfood.gov.bd  
ক্রিয়ান  
২৮/৯/১৭

- প্রাপক : ১। প্রধান মিলার, পোস্তগোলা সরকারী আধুনিক ময়দা মিল, পোস্তগোলা, ঢাকা।  
২। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/রংপুর/খুলনা/সিলেট/বরিশাল।  
৩। সাইলো অধীক্ষক, চট্টগ্রাম/নারায়ণগঞ্জ/মোংলা/সান্তাহার/আশুগঞ্জ/স্টীল সাইলো, খুলনা।  
৪। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা- এ পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার জন্য বলা হলো।  
৫। জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।  
৬। চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক (খাদ্য), চট্টগ্রাম/খুলনা।  
৭। ব্যবস্থাপক (সকল) .....।  
৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল).....।  
৯। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা (সকল).....।  
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল) .....।